**Roll No.** | | | | | | | | |

(Write Roll Number from left side exactly as in the Admit Card)

*Signature of Invigilator*

**Question Booklet Series** **X**

**PAPER–II** **Question Booklet No.**

**Subject Code : 26**

# ANTHROPOLOGY

*Time : 2 Hours* *Maximum Marks: 200*

***Instructions for the Candidates***

1. Write your Roll Number in the space provided on the top of this page as well as on the OMR Sheet provided.
2. At the commencement of the examination, the Question Booklet will be given to you. In the first 5 (five) minutes, you are requested to open the booklet and verify it:
   (i) To have access to the Question Booklet, tear off the paper seal on the edge of this cover page.
   (ii) Faulty booklet, if detected, should be got replaced immediately by a correct booklet from the invigilator within the period of 5 minutes. Afterwards, neither the Question Booklet will be replaced nor any extra time will be given.
   (iii) Verify whether the Question Booklet Number is identical with OMR Sheet Number; if not, the full set is to be replaced.
   (iv) After this verification is over, the Question Booklet Series and Question Booklet Number should be entered on the OMR Sheet.
3. This paper consists of One Hundred (100) multiple-choice type questions. All the questions are compulsory. Each question carries *two* marks.
4. Each Question has four alternative responses marked: (A) (B) (C) (D) . You have to darken the circle as indicated below on the correct response against each question.
   *Example:* (A) (B) ● (D) , where (C) is the correct response.
5. Your responses to the questions are to be indicated correctly in the OMR Sheet. If you mark your response at any place other than in the circle in the OMR Sheet, it will not be evaluated.
6. Rough work is to be done at the end of this booklet.
7. If you write your Name, Phone Number or put any mark on any part of the OMR Sheet, except in the space allotted for the relevant entries, which may disclose your identity or use abusive language or employ any other unfair means, such as change of response by scratching or using white fluid, you will render yourself liable to disqualification.
8. Do not tamper or fold the OMR Sheet in any way. If you do so, your OMR Sheet will not be evaluated.
9. You have to return the Original OMR Sheet to the invigilator at the end of the examination compulsorily and must not carry it with you outside the Examination Hall. You are, however, allowed to carry question booklet and duplicate copy of OMR Sheet after completion of examination.
10. **Use only Black Ball point pen.**
11. **Use of any calculator, mobile phone, electronic devices/gadgets etc. is strictly prohibited.**
12. **There is no negative marks for incorrect answer.**

***পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী***

১. এই পৃষ্ঠার উপরিভাগের নির্দিষ্ট স্থানে এবং OMR পত্রের নির্দিষ্ট স্থানে নিজের ক্রমিক সংখ্যা (Roll Number) লিখুন।

২. পরীক্ষার সূচনায় প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) আপনাকে দেওয়া হবে। প্রথম ৫ (পাঁচ) মিনিটেই প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) খুলে নিবিড় ভাবে যাচাই করে নেওয়ার জন্য আপনাকে অনুরোধ করা হচ্ছে ঃ
   (i) প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) উন্মুক্ত করতে প্রচ্ছদ পৃষ্ঠার (cover page) প্রান্তস্থ কাগজের সীলটি আপনাকে খুলতে হবে।
   (ii) যদি প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) ত্রুটিযুক্ত এমন নির্ধারিত হয়, তাহলে পরীক্ষা শুরুর প্রথম পাঁচ মিনিটের মধ্যে পরীক্ষা পরিদর্শক সেটি সঠিক প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) দ্বারা প্রতিস্থাপিত করে দেবেন। এই সময়ের পর কোনও ভাবে প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) প্রতিস্থাপন করা যাবে না। কোনও অতিরিক্ত সময়ও দেওয়া হবে না।
   (iii) প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) এবং OMR পত্রের নম্বর অভিন্ন আছে কিনা যাচাই করে নেবেন। নম্বরে অমিল থাকলে সম্পূর্ণ সেট্‌টি প্রতিস্থাপিত করতে হবে।
   (iv) যাচাই সম্পূর্ণ হলে প্রশ্নপত্র-পুস্তিকার (Booklet) সিরিজ এবং প্রশ্নপত্র পুস্তিকার (Booklet) নম্বর OMR পত্রে লিপিবদ্ধ করতে হবে।

৩. এই পত্রটিতে একশত (১০০)-টি বহুমুখী উত্তরধর্মী প্রশ্ন (Multiple-choice type questions) রয়েছে। প্রতিটি প্রশ্নের উত্তর করা আবশ্যিক। প্রতিটি প্রশ্নের মান *দুই*।

৪. প্রতিটি প্রশ্নের উত্তররূপে চারটি বৃত্ত (Circle) চিহ্নিত বিকল্প উত্তর রয়েছে ঃ (A) (B) (C) (D)। নিম্নলিখিত নির্দেশমত আপনাকে সঠিক উত্তরটির বৃত্ত ঘন কালো করতে হবে।
   *উদাহরণ* ঃ (A) (B) ● (D), যেখানে সঠিক উত্তর (C) ।

৫. আপনার দেওয়া প্রশ্নের সঠিক উত্তরগুলি যেন OMR পত্রের নির্দিষ্ট স্থানেই দেওয়া হয়। OMR পত্রের নির্দিষ্ট বৃত্তের বাইরে উত্তর দিলে কোনও ভাবেই তা মূল্যায়িত হবে না।

৬. প্রশ্নপত্র-পুস্তিকার (Booklet) শেষ অংশে রাফ কাজ (rough work) করবেন।

৭. OMR পত্রের নির্দিষ্ট স্থানে নির্দিষ্ট তথ্য প্রদান ব্যতীত আপনি যদি অতিরিক্ত কোনও ব্যক্তিগত তথ্য যথা— নাম, ফোন নম্বর লেখেন অথবা এমন কোনও ইঙ্গিত দেন যার দ্বারা আপনার ব্যক্তিগত পরিচয় চিহ্নিত হতে পারে অথবা কোনও অবমাননাকর ভাষার প্রয়োগ হয় অথবা অসৎ কোনও উপায় অবলম্বন করা হয় যথা— আঁচড় দিয়ে বা সাদা কালি দিয়ে উত্তর পরিবর্তনের প্রয়াস করা হয়, সেক্ষেত্রে আপনি আপনার উত্তরপত্র বাতিলের জন্য দায়ী থাকবেন।

৮. OMR পত্রটি কোনও ভাবে ক্ষতিগ্রস্ত করবেন না বা ভাঁজ করবেন না। সেক্ষেত্রে আপনার OMR পত্রটি মূল্যায়িত হবে না।

৯. পরীক্ষা সমাপ্ত হলে আবশ্যিক ভাবে প্রকৃত (Original) OMR পত্রটি পরীক্ষা পরিদর্শককে জমা দিতে হবে এবং কোনও ভাবে এটি পরীক্ষা কক্ষের বাইরে নিজের সঙ্গে বহন করা যাবে না। আপনি অবশ্য পরীক্ষা সমাপ্ত হওয়ার পর প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) ও OMR পত্রের প্রতিলিপি (Duplicate) কপিটি নিজের সঙ্গে বহন করে নিয়ে যেতে পারবেন।

১০. **শুধুমাত্র কালো বল্ পয়েন্ট পেন ব্যবহার করবেন।**

১১. **কোনও প্রকার ক্যালকুলেটর, মোবাইল ফোন, বৈদ্যুতিন উপকরণের (ডিভাইস/গ্যাজেটস ইত্যাদি) ব্যবহার কঠোরভাবে নিষিদ্ধ।**

১২. **ভুল উত্তরের জন্য কোনও রকম নেতিবাচক (Negative) নম্বর দেওয়া হবে না।**

| | |
|---|---|
| **The Question Booklet is encrypted with QR code for security purpose.** | প্রশ্নপত্র পুস্তিকাটি নিরাপত্তার কারণে QR কোড দ্বারা এনক্রিপ্ট করা আছে। |

## ANTHROPOLOGY

**1.** Which of the following anthropologists attributed female subordination to the division of between public and domestic spheres and the systematic devaluation of 'domestic' in many cultures?

(A) Marilyn Strathern
(B) Margaret Mead
(C) Zora Neale Hutson
(D) Michelle Rosaldo

**1.** নিম্নোক্ত কোন নৃবিজ্ঞানী নারীর অবদমনকে বহির্জগৎ ও গৃহস্থালীর মধ্যে বিভাজন ও বহু সংস্কৃতিতে গৃহস্থালীর পরিসরের পর্যায়ক্রমিক অবমূল্যায়নের সঙ্গে সম্পর্কিত বলে মনে করেছেন?

(A) মেরিলিন স্ট্র্যাদার্ন
(B) মার্গারেট মিড
(C) জোরা নিয়েল হাটসন
(D) মিচেল রোসালডো

**2.** Procrustean approach in reseach methodology refers to

(A) manipulation of data to fit the theory.
(B) changing the theory to explain the data.
(C) field view over the book view.
(D) manipulating the sample size to increase the reliability of the findings.

**2.** গবেষণার পদ্ধতিবিদ্যায় প্রোক্রাসটিয়ান দৃষ্টিভঙ্গি দ্বারা বোঝায়

(A) তথ্যকে তত্ত্বের সঙ্গে মেলানো।
(B) তথ্যকে ব্যাখ্যা করার জন্য তত্ত্বকে পরিবর্তিত করা।
(C) 'বুকভিউ'-এর উপর 'ফিল্ড ভিউ'-কে স্থান দেওয়া।
(D) গবেষণা ফলাফলের বিশ্বাসযোগ্যতা বাড়ানোর জন্য নমুনা-আয়তনের পরিবর্তন।

**3.** 'Use Value' in economic anthropology refers to

(A) Practical Value
(B) Market Value
(C) Exchange Value
(D) Barter Value

**3.** অর্থনৈতিক নৃবিজ্ঞানে 'ইউজ ভ্যালু' বলতে বোঝায়

(A) প্রায়োগিক মূল্য
(B) বাজার মূল্য
(C) বিনিময় মূল্য
(D) দ্রব্য আদানপ্রদান মূল্য

**4.** Different parts of culture change at different rates. Material culture changes first and belief system may be the last to change. This phenomenon is known as

(A) Cultural gap
(B) Cultural lag
(C) Cultural conservatism
(D) Cultural struggle

**4.** সংস্কৃতির বিভিন্ন দিকের পরিবর্তন হয় ভিন্ন ভিন্ন হারে। প্রথম বদলায় বস্তুগত সংস্কৃতি; বিশ্বাস ব্যবস্থা সবার শেষে বদলাতে পারে। এই ঘটনাকে বলা হয়

(A) কালচারাল গ্যাপ
(B) কালচারাল ল্যাগ
(C) কালচারাল কনসারভেটিজম
(D) কালচারাল স্ট্রাগল্

**5.** Match the items of *List-I* with those of *List-II*:

| *List-I* | | *List-II* | |
|---|---|---|---|
| (a) | Componential Analysis | (i) | Fred Eggan |
| (b) | Social Network Analysis | (ii) | Ward H. Goodenough |
| (c) | Controlled Comparision | (iii) | John A. Barnes |
| (d) | Transactional Analysis | (iv) | Fredrik Barth |

*Codes*:

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (ii) | (i) | (iii) | (iv) |
| (B) | (iii) | (i) | (ii) | (iv) |
| (C) | (iii) | (ii) | (i) | (iv) |
| (D) | (ii) | (iii) | (i) | (iv) |

**5.** *তালিকা-I*-এর সঙ্গে *তালিকা-II*-কে মেলান ঃ

| *তালিকা-I* | | *তালিকা-II* | |
|---|---|---|---|
| (a) | কমপোনেনশিয়াল অ্যানালিসিস | (i) | ফ্রেড এগান |
| (b) | সোসাল নেটওয়ার্ক অ্যানালিসিস | (ii) | ওয়ার্ড এইচ গুডএনাউ |
| (c) | কনট্রোলড্ কমপ্যারিস্ন্ | (iii) | জন এ বার্নেস |
| (d) | ট্রানস্যাকশনাল অ্যানালিসিস | (iv) | ফ্রেডরিক বার্থ |

*কোড* ঃ

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (ii) | (i) | (iii) | (iv) |
| (B) | (iii) | (i) | (ii) | (iv) |
| (C) | (iii) | (ii) | (i) | (iv) |
| (D) | (ii) | (iii) | (i) | (iv) |

**6.** The term *tabula rasa* refers to the theory that

(A) human behaviour and understanding are universal.

(B) genes control behaviour.

(C) human culture is shared.

(D) human behaviour and understanding are derived from learning.

**6.** *টাবুলা রাসা* যে তত্ত্বকে নির্দেশিত করে, তা হল

(A) মানুষের আচরণ ও বোধ বিশ্বজনীন।

(B) জিন আচরণকে নিয়ন্ত্রণ করে।

(C) মানুষের সংস্কৃতি সহভাগী।

(D) শিক্ষণের দ্বারা মানুষের আচরণ ও বোধ গড়ে ওঠে।

**7.** In Morgan's classification of kinship system, the most complex 'type', wherein there is no merging of kinship terms is called as

(A) Eskimo

(B) Hawaiian

(C) Iroquois

(D) Sudanese

**7.** মর্গ্যানের করা আত্মীয়তা ব্যবস্থার শ্রেণিবিভাজনে, সবচেয়ে জটিল 'ধরন', যেখানে আত্মীয়তা শব্দগুলির কোনো সমাপতন হয় না, সেটি হল

(A) এস্কিমো ব্যবস্থা

(B) হাওয়াই ব্যবস্থা

(C) ইরোকোয়া ব্যবস্থা

(D) সুদানী ব্যবস্থা

**8.** Brahui, a language spoken in Iran belongs to the linguistic family of

(A) Indo-European
(B) Dravidian
(C) Austro-Asiatic
(D) Mon-Khmer

**8.** ইরানে প্রচলিত ব্রাহুই যে ভাষা পরিবারের অন্তর্ভুক্ত তা হল

(A) ইন্দো-ইউরোপীয়
(B) দ্রাবিড়ীয়
(C) অস্ট্রো-এশিয়াটিক
(D) মন-খেমের

**9.** Cultural theory of risk is attributed to

(A) David Schneider
(B) Sherry Ortner
(C) Renato Rosaldo
(D) Mary Douglas

**9.** ঝুঁকি সংক্রান্ত সাংস্কৃতিক তত্ত্বটি যার নামের সঙ্গে যুক্ত, তিনি হলেন

(A) ডেভিড স্নাইডার
(B) শেরি অর্টনার
(C) রেনাতো রোসালডো
(D) মেরি ডগলাস

**10.** The concept of 'agriculture involution' is attributed to

(A) Clifford Geertz
(B) Morton Fried
(C) George M. Foster
(D) Robert Redfield

**10.** 'এগ্রিকালচার ইনভলিউশন' ধারণাটি যার সঙ্গে যুক্ত, তিনি হলেন

(A) ক্লিফোর্ড গিট্‌জ্
(B) মর্টন ফ্রায়েড
(C) জর্জ এম. ফস্টার
(D) রবার্ট রেডফিল্ড

**11.** The concept of symbolic capital is associated with

(A) Michel Foucault
(B) Pierre Bourdieu
(C) Marcel Mauss
(D) Jacques Derrida

**11.** সাংকেতিক মূলধনের (সিম্বোলিক ক্যাপিটাল) ধারণা যার নামের সঙ্গে যুক্ত, তিনি হলেন

(A) মিশেল ফুকো
(B) পিয়ের বর্দ্যু
(C) মারসেল মস
(D) জ্যাক দেরিদা

**12.** Who looked at the caste system primarily as a 'system of ideas'?

(A) M.N. Srinivas
(B) McKim Marriott
(C) Louis Dumont
(D) D.N. Majumdar

**12.** জাতি ব্যবস্থাকে কে একটি 'সিস্টেম অফ আইডিয়াজ' বলেছেন?

(A) এম. এন. শ্রীনিবাস
(B) ম্যাককিম ম্যারিয়ট
(C) লুই ডুমো
(D) ডি. এন. মজুমদার

**13.** Match the items of *List-I* with those of *List-II*:

| | *List-I* | | *List-II* |
|---|---|---|---|
| (a) | Cora Dubois | (i) | Japanese National Character |
| (b) | Margaret Mead | (ii) | Samoan Socialisation |
| (c) | Ruth Benedict | (iii) | People of Alor |
| (d) | Child and Whiting | (iv) | Child training in six cultures |

*Codes*:

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (ii) | (i) | (iii) | (iv) |
| (B) | (iv) | (iii) | (i) | (ii) |
| (C) | (iii) | (ii) | (i) | (iv) |
| (D) | (ii) | (iii) | (iv) | (i) |

**13.** *তালিকা-I*-এর সঙ্গে *তালিকা-II*-কে মেলান ঃ

| | *তালিকা-I* | | *তালিকা-II* |
|---|---|---|---|
| (a) | কোরা দু বয় | (i) | জাপানের জাতীয় চরিত্র |
| (b) | মার্গারেট মিড | (ii) | সামোয়ায় সামাজিকীকরণ |
| (c) | রুথ বেনেডিক্ট | (iii) | পিপ্‌ল্ অফ অ্যালোর |
| (d) | চাইল্ড ও হোয়াটিং | (iv) | ছয়টি সংস্কৃতিতে শিশু শিক্ষণ |

*কোড* ঃ

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (ii) | (i) | (iii) | (iv) |
| (B) | (iv) | (iii) | (i) | (ii) |
| (C) | (iii) | (ii) | (i) | (iv) |
| (D) | (ii) | (iii) | (iv) | (i) |

**14.** Max Weber is associated with the concept of

(A) Social Structure

(B) Social Organisation

(C) Social Change

(D) Social Action

**14.** ম্যাক্স ওয়েবারের নাম যে ধারণাটির সঙ্গে যুক্ত, তা হল

(A) সোসাল স্ট্রাকচার

(B) সোসাল অর্গানাইজেশন

(C) সোসাল চেঞ্জ

(D) সোসাল অ্যাকশন

**15.** The contemporary orientation of social-cultural anthropology is more inclined towards

(A) Ideographic principles

(B) Nomothetic principles

(C) Positivism

(D) Reductionist approach

**15.** সাম্প্রতিককালে সামাজিক-সাংস্কৃতিক নৃবিজ্ঞানের প্রবণতা যেদিকে বেশি তা হল

(A) আইডিওগ্রাফিক প্রিন্সিপ্‌ল্

(B) নমোথেটিক প্রিন্সিপ্‌ল্

(C) পজিটিভিজম্

(D) রিডাকশনিস্ট অ্যাপ্রোচ

**16.** Post-marital residence of couple at paternal aunt's house is called as

(A) Uxorilocal

(B) Amitalocal

(C) Avunculocal

(D) Ambilocal

**16.** বিবাহ পরবর্তী বাসস্থান যেখানে দম্পতি পিসির গৃহে বসবাস করে, সেটি হল

(A) উক্সোরিলোকাল

(B) অ্যামিটালোকাল

(C) আভাঙ্কুলোকাল

(D) অ্যাম্বিলোকাল

17. Who among the following Indian anthropologists did pioneering work in Visual Anthropology?

(A) M. Jha

(B) K.N. Sahay

(C) R.S. Mann

(D) L.K. Mahapatra

18. Who first coined the term 'public anthropology'?

(A) Arturo Escobar and Eric Wolf

(B) Robert Borofsky and Renato Rosaldo

(C) Robert Borofsky and Napolean Chagnon

(D) Arturo Escobar and Arjuna Appadurai

19. The concept of 'Limited good' with reference to the study of peasant societies was advanced by

(A) G.M. Foster

(B) R. Redfield

(C) Eric Wolf

(D) Sol Tax

20. Given below are two statements, one is labelled as *Assertion (A)* and the other is labelled as *Reason (R)*:

*Assertion (A)* : Ritual kinship is a kind of fictive kinship.

*Reason (R)* : Fictive kinship is a pseudo-kinship that includes relationship between unrelated people.

In the context of the above statements, which of the following is correct?

*Codes:*

(A) Both (*A*) and (*R*) are correct, and *(R)* is the correct explanation of *(A)*.

(B) Both (*A*) and (*R*) are correct, but *(R)* is not the correct explanation of *(A)*.

(C) *(A)* is correct, but *(R)* is incorrect.

(D) *(A)* is incorrect, but *(R)* is correct.

17. নিম্নোক্ত কোন ভারতীয় নৃবিজ্ঞানী ভিস্যুয়াল অ্যানথ্রোপলজির ক্ষেত্রে পথিকৃৎ স্বরূপ কাজ করেছেন?

(A) এম. ঝা

(B) কে. এন. সহায়

(C) আর. এস. মান

(D) এল. কে. মহাপাত্র

18. 'পাবলিক অ্যানথ্রোপলজি' শব্দটির প্রথম উদ্গাতা কারা?

(A) আরতুরো এস্কোবার ও এরিক উলফ্

(B) রবার্ট বরফস্কি ও রেনাতো রোসালডো

(C) রবার্ট বরফস্কি ও নেপোলিয়ন চ্যাঘনন

(D) আরতুরো এস্কোবার ও অর্জুন আপ্পাদুরাই

19. কৃষিজীবী সমাজের অধ্যয়নের প্রেক্ষিতে 'লিমিটেড গুড' ধারণাটি দেন কে?

(A) জি. এম. ফস্টার

(B) আর. রেডফিল্ড

(C) এরিক উলফ্

(D) সল ট্যাক্স

20. নিম্নে দুটি বক্তব্য দেওয়া আছে, একটি *বিবৃতি* (*A*), অপরটি *কারণ* (*R*) রূপে চিহ্নিত ঃ

*বিবৃতি* (*A*) ঃ রিচ্যুয়াল কিনশিপ একধরনের ফিকটিভ কিনশিপ।

*কারণ* (*R*) ঃ ফিকটিভ কিনশিপ হল একধরনের ছদ্ম-কিনশিপ যার মধ্যে অসম্পর্কিত ব্যক্তিদের মধ্যেকার সম্পর্ক অন্তর্ভুক্ত হয়।

এই বক্তব্যগুলির প্রেক্ষিতে নীচের কোনটি সঠিক?

*কোড:*

(A) (*A*) ও (*R*) উভয়েই সঠিক, (*A*)-এর সঠিক ব্যাখ্যা হল (*R*)।

(B) (*A*) ও (*R*) উভয়েই সঠিক, কিন্তু (*A*)-এর সঠিক ব্যাখ্যা নয় (*R*)।

(C) (*A*) সঠিক, কিন্তু (*R*) সঠিক নয়।

(D) (*A*) সঠিক নয়, (*R*) সঠিক।

**21.** A phratry is composed of

(A) several lineages.

(B) several clans.

(C) several sub-tribes.

(D) several moieties.

**21.** ভ্রাতৃদল বা ফ্র্যাট্রি তৈরি হয়

(A) অনেকগুলি বংশ নিয়ে।

(B) অনেকগুলি গোত্র বা কোষ নিয়ে।

(C) অনেকগুলি উপ-আদিবাসী গোষ্ঠী নিয়ে।

(D) অনেকগুলি দ্বৈতদল নিয়ে।

**22.** Given below are two statements, one is labelled as *Assertion (A)* and the other is labelled as *Reason (R)*:

*Assertion (A)* : Shifting cultivation involves burning of forest, leading to soil erosion and deforestation.

*Reason (R)* : Burning of forest is followed by regeneration of green cover during fallow period.

In the context of the above statements, which of the following is correct?

*Codes:*

(A) Both (*A*) and (*R*) are correct, and *(R)* is the correct explanation of *(A)*.

(B) Both (*A*) and (*R*) are correct, but *(R)* is not the correct explanation of *(A)*.

(C) *(A)* is correct, but *(R)* is incorrect.

(D) *(A)* is incorrect, but *(R)* is correct.

**22.** নিম্নে দুটি বক্তব্য রয়েছে, এর একটি *বিবৃতি* (*A*), অপরটি *কারণ* (*R*) হিসেবে চিহ্নিত ঃ

*বিবৃতি* (*A*) ঃ স্থানান্তর কৃষিকার্যে জঙ্গল পোড়ানোর ফলে ভূমিক্ষয় ও অরণ্য ধ্বংস হয়ে থাকে।

*কারণ* (*R*) ঃ জঙ্গল পোড়ানোর পরবর্তী সময়ে পতিত অবস্থায় পড়ে থাকাকালীন সবুজ আচ্ছাদনের পুনরাগমন ঘটে ।

এই বক্তব্যগুলির প্রেক্ষিতে নীচের কোনটি সঠিক?

*কোড:*

(A) (*A*) ও (*R*) উভয়েই সঠিক, এবং (*A*)-এর সঠিক ব্যাখ্যা (*R*)।

(B) (*A*) ও (*R*) উভয়েই সঠিক, কিন্তু (*A*)-এর সঠিক ব্যাখ্যা নয় (*R*)।

(C) (*A*) সঠিক, কিন্তু (*R*) সঠিক নয়।

(D) (*A*) সঠিক নয়, কিন্তু (*R*) সঠিক।

**23.** Identify the books authored by Edmund Leach:

(i) Political Systems of Highland Burma

(ii) Himalayan Traders

(iii) Caste and Kinship in Central India

(iv) Rethinking Anthropology

*Codes*:

(A) (i) and (ii)

(B) (i) and (iii)

(C) (i) and (iv)

(D) (ii) and (iii)

**23.** এডমণ্ড্ লিচের লেখা বইগুলিকে চিহ্নিত করুন ঃ

(i) পলিটিক্যাল সিস্টেমস অফ্ হাইল্যাণ্ড বার্মা

(ii) হিমালয়ান ট্রেডার্স

(iii) কাস্ট অ্যান্ড কিনশিপ ইন সেন্ট্রাল ইন্ডিয়া

(iv) রিথিংকিং অ্যানথ্রোপলজি

*কোড* ঃ

(A) (i) ও (ii)

(B) (i) ও (iii)

(C) (i) ও (iv)

(D) (ii) ও (iii)

**24.** In the preparation of research design, arrange the following stages in correct order:

(i) Pilot study and pretesting
(ii) Literature survey
(iii) Analysis of data
(iv) Formulation of hypothesis
(v) Fieldwork and data collection

*Codes*:

(A) (iv), (ii), (i), (v), (iii)
(B) (ii), (iv), (i), (iii), (v)
(C) (ii), (iv), (i), (v), (iii)
(D) (ii), (iv), (iii), (i), (v)

**24.** গবেষণা নকশা রচনার ক্ষেত্রে নিম্নোক্ত পর্যায়গুলিকে সঠিকভাবে সজ্জিত করুন ঃ

(i) পাইলট স্টাডি ও প্রি-টেস্টিং
(ii) লিটারেচার সার্ভে
(iii) তথ্য বিশ্লেষণ
(iv) প্রকল্প/হাইপোথিসিস রচনা
(v) ক্ষেত্রকর্ম ও তথ্য সংগ্রহ

*কোড ঃ*

(A) (iv), (ii), (i), (v), (iii)
(B) (ii), (iv), (i), (iii), (v)
(C) (ii), (iv), (i), (v), (iii)
(D) (ii), (iv), (iii), (i), (v)

**25.** "Structure of a language influences its speakers' world view or cognition."— This was proposed by

(A) Dell Hymes
(B) Sapir-Whorf
(C) J. Derrida
(D) F. de Saussure

**25.** "Structure of a language influences its speakers' world view or cognition."— এই বক্তব্যটি প্রকাশ করেন

(A) ডেল হাইমস্
(B) সাপির-হোর্ফ
(C) জে. দেরিদা
(D) এফ. দে' স্যাসুর

**26.** Which one of the following is not correctly matched?

(A) T. Beidelman — Jajmani System
(B) J. Nesfield — Occupational Theory of Caste
(C) D. Mandelbaum — Case Study Method
(D) B. K. Roy Burman — Bridge and Buffer Communities

**26.** নীচের কোনটি ঠিকভাবে সম্পর্কিত নয়?

(A) টি. বেইডেলম্যান — যজমানী ব্যবস্থা
(B) জে. নেসফিল্ড — জাতির বৃত্তিগত তত্ত্ব
(C) ডি. ম্যানডেলবাম — কেস স্টাডি পদ্ধতি
(D) বি. কে. রায় বর্মণ — ব্রিজ ও বাফার জনগোষ্ঠী

**27.** The book, 'Philosophy for N. E. F. A.', was authored by

(A) N. K. Bose
(B) J. P. Mills
(C) C. V. Furer-Haimendorf
(D) V. Elwin

**27.** 'ফিলজফি ফর এন. ই. এফ. এ.' বইটির লেখক কে?

(A) এন. কে. বোস
(B) জে. পি. মিলস্
(C) সি. ভি. ফুরার-হেইমেনডর্ফ
(D) ভি. এল্যুইন

**28.** 'Role Analysis' was undertaken in the book 'The Theory of Social Structure' authored by

(A) C. Lêvi-Struass
(B) S. F. Nadel
(C) A. R. Radcliffe-Brown
(D) E. R. Leach

**29.** Which two of the following come under probability sampling?

(i) Quota sampling
(ii) Cluster sampling
(iii) Theoretical sampling
(iv) Multi-stage sampling

*Codes*:

(A) (i) and (ii)
(B) (ii) and (iii)
(C) (ii) and (iv)
(D) (i) and (iii)

**30.** A researcher enters a tribal community with the intention of studying child marriage without revealing the purpose and identity. This goes against the research ethics because

(A) child marriages are prohibited by law.
(B) the principle of 'informed consent' was not followed.
(C) the researcher is not an 'Action anthropologist'.
(D) the researcher did not spell out how the informants would be compensated.

**31.** Which one of the following statements is not true with regard to Jajmani system?

(A) It is a system of exchange of goods and services.
(B) Mutual obligations exist between families and castes.
(C) Payments are hereditarily fixed and are in kinds.
(D) It involves all the castes throughout India.

**28.** 'রোল অ্যানালিসিস'-এর প্রসঙ্গ যে 'দি থিয়োরি অফ সোসাল স্ট্রাকচার' বইতে আলোচিত, সেটির লেখক হলেন

(A) সি. লেভি-স্ট্রস
(B) এস. এফ. ন্যাডেল
(C) এ. আর. র‍্যাডক্লিফ-ব্রাউন
(D) ই. আর. লিচ

**29.** প্রোব্যাবিলিটি স্যাম্প্লিং-এর মধ্যে নিম্নোক্ত কোনগুলি পড়ে?

(i) কোটা স্যাম্প্লিং
(ii) ক্লাস্টার স্যাম্প্লিং
(iii) থিয়োরিটিক্যাল স্যাম্প্লিং
(iv) মাল্টি-স্টেজ-স্যাম্প্লিং

*কোড* ঃ

(A) (i) ও (ii)
(B) (ii) ও (iii)
(C) (ii) ও (iv)
(D) (i) ও (iii)

**30.** শিশু বিবাহ অধ্যয়ন করার অভিপ্রায় নিয়ে কোনো গবেষক নিজের পরিচিতি ও উদ্দেশ্য প্রকাশ না করে আদিবাসী সমাজে গেলেন। এটি গবেষণা এথিক্স্-এর পরিপন্থী, কেননা

(A) আইন দ্বারা শিশু বিবাহ নিষিদ্ধ।
(B) 'ইনফর্মড কনসেন্ট'-এর নীতি এখানে মানা হয়নি।
(C) তিনি একজন অ্যাকশন অ্যানথ্রোপলজিস্ট নন।
(D) তিনি বলেননি যে কীভাবে তথ্যদাতাদের পারিতোষিক দেবেন।

**31.** যজমানি ব্যবস্থার ক্ষেত্রে নীচের কোন বক্তব্যটি সঠিক নয়?

(A) দ্রব্য ও পরিষেবা বিনিময়ের একটি ব্যবস্থা হল এটি।
(B) পরিবার ও জাতির মধ্যে পারস্পরিক দায়বদ্ধতা থাকে।
(C) মূল্য যে দিতে হবে তা দ্রব্যে দেওয়া হয় ও বংশ পরম্পরায় তা স্থির করা আছে।
(D) ভারতের সকল জাতির ক্ষেত্রে এই ব্যবস্থা প্রযোজ্য।

**32.** Given below are two statements, one is labelled as *Assertion (A)* and the other is labelled as *Reason (R)*:

*Assertion (A)* : Bride-price in tribal societies consists of payment made to the bride's group by the groom's group for the loss of productive member.

*Reason (R)* : Tribal societies were originally matriarchal and bride-price has been continuing since those days.

In the context of the above statements, which one of the following is correct?

*Codes:*

(A) Both (*A*) and (*R*) are correct, and *(R)* is the correct explanation of *(A)*.
(B) Both (*A*) and (*R*) are correct, but *(R)* is not the correct explanation of *(A)*.
(C) *(A)* is correct, but *(R)* is incorrect.
(D) *(A)* is incorrect, but *(R)* is correct.

**32.** নীচে দুটি বক্তব্য দেওয়া আছে, একটি *বিবৃতি* (*A*), অপরটি *কারণ* (*R*) হিসেবে চিহ্নিত ঃ

*বিবৃতি* (*A*) ঃ পাত্রপক্ষ থেকে কন্যাপক্ষকে আদিবাসী সমাজে কন্যাপণ দেওয়া হয় একজন উৎপাদনশীল সদস্যের ক্ষতি পূরণ করার জন্য।

*কারণ* (*R*) ঃ আদিবাসী সমাজগুলি আসলে ছিল মাতৃতান্ত্রিক এবং কন্যাপণ সেই সময় থেকেই চলে আসছে।

এই বক্তব্যের প্রেক্ষিতে, নীচের কোনটি সঠিক?

*কোড:*

(A) (*A*) ও (*R*) উভয়েই সঠিক, এবং (*A*)-এর সঠিক ব্যাখ্যা হল (*R*)।
(B) (*A*) ও (*R*) উভয়েই সঠিক, কিন্তু (*A*)-এর সঠিক ব্যাখ্যা নয় (*R*)।
(C) (*A*) সঠিক, কিন্তু (*R*) সঠিক নয়।
(D) (*A*) সঠিক নয়, কিন্তু (*R*) সঠিক।

**33.** Culture is viewed as an entity above man, not reducible to the actions of individuals, mysteriously responding to the laws of its own. This view comes under the label of

(A) Patterns of Culture
(B) Configurations of culture growth
(C) Psychic unity of mind
(D) Superorganic

**33.** সংস্কৃতিকে মানুষের উপরে একটি সত্তা বলে গণ্য করা হয়; এবং একে ব্যক্তি মানুষের কর্মকাণ্ডের যোগফল হিসেবে সংকুচিত করা যায় না; যা নিজের নিয়মের কাছেই এক প্রহেলিকাপূর্ণ প্রতিক্রিয়া হিসেবে প্রতিভাত হয়। এই দৃষ্টিকোণ যে নামে পরিচিতি, তা হল

(A) প্যাটার্নস্ অফ কালচার
(B) কনফিগারেশন্স অফ কালচার গ্রোথ
(C) সাইকিক ইউনিটি অফ মাইন্ড
(D) সুপারঅর্গানিক

**34.** The provisions of the Vth schedule come under which Article of the Indian Constitution?

(A) 242 (2)
(B) 244 (1)
(C) 342
(D) 242 (1)

**34.** ভারতীয় সংবিধানের কোন ধারার অধীনে পঞ্চম (Vth) সিডিউল পড়ে?

(A) 242 (2)
(B) 244 (1)
(C) 342
(D) 242 (1)

**35.** Sarat Chandra Roy wrote monographs on which of the following tribes?

(i) Juangs
(ii) Birhor
(iii) Hill Bhuiyas
(iv) Kharia

(A) (i) only
(B) (ii) and (iii) only
(C) (i) and (ii) only
(D) (ii), (iii) and (iv) only

**35.** শরৎচন্দ্র রায় নিম্নের কোন আদিবাসীদের উপর মনোগ্রাফ রচনা করেছেন?

(i) জুয়াং
(ii) বিরহোড়
(iii) হিল ভুইয়া
(iv) খাড়িয়া

(A) কেবলমাত্র (i)
(B) কেবলমাত্র (ii) ও (iii)
(C) কেবলমাত্র (i) ও (ii)
(D) কেবলমাত্র (ii), (iii) ও (iv)

**36.** Match the items of *List-I* with those of *List-II*:

| *List-I* | *List-II* |
|---|---|
| (a) Ojha | (i) Lodha |
| (b) Bhopa | (ii) Oraon |
| (c) Bhagat | (iii) Gujjar |
| (d) Byakra | (iv) Santal |

*Codes*:

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (iv) | (iii) | (ii) | (i) |
| (B) | (iv) | (ii) | (i) | (iii) |
| (C) | (ii) | (i) | (iii) | (iv) |
| (D) | (iii) | (i) | (ii) | (iv) |

**36.** *তালিকা-I* এর সঙ্গে *তালিকা-II* মেলান ঃ

| *তালিকা-I* | *তালিকা-II* |
|---|---|
| (a) ওঝা | (i) লোধা |
| (b) ভোপা | (ii) ওরাওঁ |
| (c) ভগত | (iii) গুজ্জর |
| (d) ব্যাকরা | (iv) সাঁওতাল |

*কোড* ঃ

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (iv) | (iii) | (ii) | (i) |
| (B) | (iv) | (ii) | (i) | (iii) |
| (C) | (ii) | (i) | (iii) | (iv) |
| (D) | (iii) | (i) | (ii) | (iv) |

**37.** Which of the following tribes has been reported to have the practice of Couvade?

(A) Khasi
(B) Asur
(C) Kharia
(D) Santal

**37.** নিম্নের কোন অদিবাসী গোষ্ঠীর মধ্যে কাউভেদ প্রথাটির অস্তিত্বের কথা জানা যায়?

(A) খাসী
(B) অসুর
(C) খাড়িয়া
(D) সাঁওতাল

**38.** '...... discussions about various forms of sharing anthropological knowledge outside academica are moving to the centre of anthropological academic discourse'— this quote best delineates which of the following sub-discipline?

(A) Action Anthropology

(B) Popular Anthropology

(C) Engaged Anthropology

(D) Public Anthropology

**38.** '...... discussions about various forms of sharing anthropological knowledge outside academica are moving to the centre of anthropological academic discourse'— উদ্ধৃতিটি দ্বারা নৃবিজ্ঞানের কোন উপশাখাকে সর্বোত্তম রূপে বোঝানো হয়?

(A) অ্যাকশন অ্যানথ্রোপলজি

(B) পপুলার অ্যানথ্রোপলজি

(C) এনগেজড্ অ্যানথ্রোপলজি

(D) পাবলিক অ্যানথ্রোপলজি

**39.** Which of the following are the expected outcomes of Participatory Rural Appraisal (PRA)?

(i) List of development priorities of the people

(ii) Resource maps and demographic maps

(iii) Large volume of quantiative data

(iv) Generation of concepts and theorization

*Codes*:

(A) (i) and (ii)

(B) (i), (ii) and (iii)

(C) (iii) and (iv)

(D) (ii), (iii) and (iv)

**39.** নিম্নের কোনটি/কোনগুলি পার্টিসিপেটরি রুরাল অ্যাপ্রিইসাল (পি আর এ) প্রার্থিত ফলাফল?

(i) জনগণের উন্নয়নের অগ্রাধিকারের তালিকা

(ii) সম্পদ ও জনসংখ্যাগত মানচিত্র

(iii) প্রচুর পরিমাণে পরিসংখ্যানগত তথ্য

(iv) ধারণা ও তত্ত্বের উৎপাদন

*কোড ঃ*

(A) (i) ও (ii)

(B) (i), (ii) ও (iii)

(C) (iii) ও (iv)

(D) (ii), (iii) ও (iv)

**40.** The transfer of office or social position is called

(A) Descent

(B) Filiation

(C) Succession

(D) Inheritance

**40.** সামাজিক অবস্থান বা অফিসের হস্তান্তরকে বলা হয়

(A) ডিসেন্ট

(B) ফিলিয়েশন

(C) সাকসেসন

(D) ইনহেরিটেন্স

**41.** Who among the following is not associated with the development of methods to study human somatotype/physique?

(A) W. H. Sheldon

(B) J. E. L. Carter

(C) Karl Pearson

(D) R. W. Parnell

**41.** মানব সোমাটোটাইপ/দেহ গঠন অধ্যয়ন করার পদ্ধতি উদ্ভাবনের সঙ্গে নিম্নের কোন ব্যক্তি যুক্ত নন?

(A) ডব্লিউ. এইচ. শেলডন

(B) জে. ই. এল. কার্টার

(C) কার্ল পিয়ারসন

(D) আর. ডব্লিউ. পার্নেল

**42.** Match the items in *List-I* with those of *List-II*. Use the codes given below:

| *List-I* | *List-II* |
|---|---|
| (a) *Homo floresiensis* | (i) Olduvai Gorge, Tanzania |
| (b) *Sahelanthropus* | (ii) Liang Bua Cave, Indonesia |
| (c) *Orrorin* | (iii) Toros-Menalla, Chad |
| (d) *Paranthropus boisei* | (iv) Tugen Hills, Kenya |

*Codes*:

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (iii) | (iv) | (i) | (ii) |
| (B) | (iii) | (i) | (iv) | (ii) |
| (C) | (ii) | (iii) | (iv) | (i) |
| (D) | (ii) | (iv) | (i) | (iii) |

**42.** *তালিকা-I*-এর সঙ্গে *তালিকা-II*-কে মেলান ঃ

| *তালিকা-I* | *তালিকা-II* |
|---|---|
| (a) *হোমো ফ্লোরেসিয়েনসিস* | (i) ওল্ডুভাই গর্জ, তাঞ্জানিয়া |
| (b) *সাহেল্যানথ্রোপাস* | (ii) লিয়াং বুয়া কেভ, ইন্দোনেশিয়া |
| (c) *ওরোরিন* | (iii) তোরোস-মেনাল্লা, চাদ |
| (d) *প্যারানথ্রোপাস বয়সি* | (iv) তুগেন হিলস্, কেনিয়া |

*কোড* ঃ

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (iii) | (iv) | (i) | (ii) |
| (B) | (iii) | (i) | (iv) | (ii) |
| (C) | (ii) | (iii) | (iv) | (i) |
| (D) | (ii) | (iv) | (i) | (iii) |

**43.** Which of the following is a 3-component model of studying body composition?

(A) Skinfold thickness measurement

(B) Bioelectrical Impedance Analysis

(C) Hydrodensitometry

(D) Dual-energy X-ray Absorptiometry

**43.** নিম্নের কোনটি দেহ গঠন অধ্যয়নের 3-কমপোনেন্ট মডেল?

(A) স্কিন ফোল্ড পুরুত্ব পরিমাপ

(B) বায়োইলেক্ট্রিক্যাল ইমপিডেন্স অ্যানালিসিস

(C) হাইড্রোডেনসিটোমেট্রি

(D) ডুয়াল এনার্জি X-রে অ্যাবসর্পসিওমেট্রি

**44.** Match the items of *List-I* with those of *List-II*. Use the codes given below:

| *List-I* | *List-II* |
|---|---|
| (a) Antecedents of Man | (i) K. P. Oakley |
| (b) The Decent of Man, and Selection in Relation to Sex | (ii) W. Le Gros Clark |
| (c) Blood Groups in Man | (iii) Charles Darwin |
| (d) Man the Tool Maker | (iv) R. R. Race and R. Sanger |

*Codes*:

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (iii) | (i) | (iv) | (ii) |
| (B) | (iv) | (ii) | (i) | (iii) |
| (C) | (ii) | (iii) | (iv) | (i) |
| (D) | (i) | (ii) | (iii) | (iv) |

**44.** *তালিকা-I*-এর সঙ্গে *তালিকা-II*-কে মেলান ঃ

| *তালিকা-I* | *তালিকা-II* |
|---|---|
| (a) অ্যানটিসিডেন্ট অফ ম্যান | (i) কে. পি. ওকলে |
| (b) দি ডিসেন্ট অফ ম্যান, অ্যান্ড সিলেকসন ইন রিলেশন টু সেক্স | (ii) ডব্লিউ. লি গ্রস ক্লার্ক |
| (c) ব্লাড গ্রুপস্ ইন ম্যান | (iii) চার্লস ডারউইন |
| (d) ম্যান দি টুল মেকার | (iv) আর. আর. রেস ও আর. স্যাঙ্গার |

*কোড* ঃ

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (iii) | (i) | (iv) | (ii) |
| (B) | (iv) | (ii) | (i) | (iii) |
| (C) | (ii) | (iii) | (iv) | (i) |
| (D) | (i) | (ii) | (iii) | (iv) |

**45.** Given below are two statements, one is labelled as *Assertion (A)* and the other is labelled as *Reason (R)*:

In the context of these which one of the following is correct?

*Assertion (A)* : When a healthy person is exposed to high altitude, body responds by showing some physiological changes such as increase in pulmonary ventilation and red blood corpuscles.

*Reason (R)* : These changes increase the efficiency of oxygen absorption from the atmosphere and its assimilation in body tissues.

*Codes*:

(A) *(A)* is correct, but *(R)* is incorrect.

(B) Both (*A*) and (*R*) are correct, and *(R)* is the correct explanation of *(A)*.

(C) *(A)* is incorrect, but *(R)* is correct.

(D) Both (*A*) and (*R*) are incorrect.

**45.** নীচে দুটি বক্তব্য দেওয়া আছে একটি *বিবৃতি* (*A*), অপরটি *কারণ* (*R*) হিসেবে চিহ্নিত; এই পরিপ্রেক্ষিতে নীচের কোন কোডটি ঠিক ঃ

*বিবৃতি* (*A*) ঃ যখন কোনো সুস্বাস্থ্যের অধিকারী ব্যক্তি অধিক উচ্চতায় যান, তখন তার দেহে কতকগুলি শারীরবৃত্তীয় পরিবর্তন দেখা যায় এর ফলে, যেমন ফুসফুসের ভেন্টিলেশন বাড়ে ও লাল রক্তকণিকার সংখ্যা বাড়ে।

*কারণ* (*R*) ঃ দেহের কোষকলার চাহিদা মোতাবেক প্রয়োজনীয় অক্সিজেন বায়ুমণ্ডল থেকে গ্রহণ করার সক্ষমতা এই পরিবর্তনের ফলে বৃদ্ধি পায়।

*কোড:*

(A) (*A*) সঠিক, কিন্তু (*R*) সঠিক নয়।

(B) (*A*) ও (*R*) উভয়েই সঠিক, এবং (*A*)-এর সঠিক ব্যাখ্যা হল (*R*)।

(C) (*A*) সঠিক নয়, কিন্তু (*R*) সঠিক।

(D) (*A*) ও (*R*) কোনোটিই সঠিক নয়।

**46.** The study of human size, shape, proportion, composition, maturation and gross function in order to understand exercise, performance and nutrition is known as

(A) Auxology

(B) Body composition

(C) Kinanthropometry

(D) Somatotyping

**46.** পুষ্টি, পারফরমেন্স ও এক্সারসাইজ বোঝার জন্য মানব শরীরের আকার, আয়তন, অনুপাত, উপাদান/গড়ন, পরিণতি ও সামগ্রিক কার্যকারিতার অধ্যয়নকে বলা হয়

(A) অক্সোলজি

(B) বডি কম্পোজিশন

(C) কিনানথ্রোপোমেট্রি

(D) সোমাটোটাইপিং

**47.** The ultimate matching of two fingerprints of the same person is based on

(A) comparison of the number of triradii.

(B) comparison of the ridge count.

(C) comparison of the ridge characteristics (minutiae).

(D) comparison of the pattern types.

**47.** একই ব্যক্তির দুটি আঙ্গুলের ছাপের শেষাবধি মিল খোঁজা হয় যার ভিত্তিতে, তা হল

(A) ট্রাইরেডিয়াই-এর সংখ্যার তুলনা

(B) রিজ কাউন্টের তুলনা

(C) রিজের বৈশিষ্ট্যের তুলনা (মাইনিউটি)

(D) প্যাটার্ন ধরনগুলির তুলনা

**48.** The tendency, over the last 100 years, for each succeeding generation to grow larger and mature earlier is termed as

(A) Catch-up growth

(B) Growth gradient

(C) Secular trend

(D) Homeorhesis

**48.** গত 100 বছরে ক্রমান্বয়ে বিভিন্ন প্রজন্মগুলির মধ্যে যে দেহের বৃদ্ধি ও পরিপক্কতা লাভের বয়স এগিয়ে আসার প্রবণতা দেখা যাচ্ছে, তাকে বলা হয়

(A) ক্যাচ আপ গ্রোথ

(B) গ্রোথ গ্র্যাডিয়েন্ট

(C) সেকুলার ট্রেন্ড

(D) হোমিওরেসিস

**49.** Arrange the following landmarks in cephalo-caudal sequence/direction:

(A) Metopian — Prosthion — Pronasale — Trichion — Nasion — Glabella — Gnathion

(B) Nasion — Gnathion — Glabella — Metopian — Pronasale — Prosthion — Trichion

(C) Trichion — Glabella — Metopian — Nasion — Pronasale — Prosthion — Gnathion

(D) Trichion — Metopian — Glabella — Nasion — Pronasale — Prosthion — Gnathion

**49.** নিম্নলিখিত ল্যান্ডমার্কগুলিকে সেফালো-কডাল অনুক্রমে সঠিক সজ্জাক্রমে সাজান ঃ

(A) মেটোপিয়ান — প্রসথিয়ন — প্রোন্যাজাল — ট্রিচিয়ন — নেজিয়ন — গ্লাবেলা — ন্যাথিয়ন

(B) নেজিয়ন — ন্যাথিয়ন — গ্লাবেলা — মেটোপিয়ান — প্রোন্যাজাল — প্রসথিয়ন — ট্রিচিয়ন

(C) ট্রিচিয়ন — গ্লাবেলা — মেটোপিয়ান — নেজিয়ন — প্রোন্যাজাল — প্রসথিয়ন — ন্যাথিয়ন

(D) ট্রিচিয়ন — মেটোপিয়ান — গ্লাবেলা — নেজিয়ন — প্রোন্যাজাল — প্রসথিয়ন — ন্যাথিয়ন

**50.** Species inhabiting different geographical regions are known as

(A) Sympatric species

(B) Allopatric species

(C) Bio-species

(D) Sibling species

**50.** বিভিন্ন ভৌগোলিক অঞ্চলে বসবাসকারী প্রজাতিদের বলা হয়

(A) সিমপ্যাট্রিক প্রজাতি

(B) অ্যালোপ্যাট্রিক প্রজাতি

(C) বায়ো-স্পিসিস

(D) সিব্‌লিং স্পিসিস

**51.** The creator of the ‘Piltdown Hoax’ was

(A) Charles Dawson

(B) James Hutton

(C) George Simpson

(D) Raymond Dart

**51.** ‘পিল্টডাউন হোক্স’-এর স্রষ্টা হলেন

(A) চার্লস ডসন

(B) জেমস হুটন

(C) জর্জ সিম্পসন

(D) রেমন্ড ডার্ট

**52.** Who among the following primatologists is widely known for undertaking extensive study of mountain gorilla groups in the wild?

(A) Elwyn Simons

(B) Dian Fossey

(C) Jane Goodall

(D) Comte de Buffon

**52.** অরণ্য পরিবেশে পাহাড়ি গোরিলাদের উপর ব্যাপক অধ্যয়ন করার জন্য কোন প্রাইমেটবিদ্ বিশেষ বিখ্যাত?

(A) এলউইন সাইমন্স

(B) ডায়ান ফসি

(C) জেন গোডাল

(D) কোঁত দ্য বাফুন

